গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর**
**প্রশাসন-১ অধিশাখা**
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

# দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের আগস্ট ২০২৪ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব রেজওয়ানুর রহমান
মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
স্থান : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সম্মেলন কক্ষ।
তারিখ : ২৯.০৮.২০২৪ খ্রি.
সময় : বেলা: ১১.০০ ঘটিকা
হাজিরা : পরিশিষ্ট-ক।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি শুরুতেই সম্প্রতি বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে নিহতদের আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোকার্ত পরিবারের প্রতি সমবেদনা জানান। তাছাড়া আহতদের দ্রুত সুস্থতা কামনা করেন। যশোর সদর উপজেলার উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এবং ভোলা জেলার মনপুরা উপজেলার অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এর আকস্মিক মৃত্যুতে তাদের রুহের মাগফেরাত কামনাসহ শোকার্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন। অতঃপর সভাপতির সম্মতিক্রমে উপপরিচালক (প্রশাসন-১) বিগত ৩১.০৭.২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী না থাকায় উপস্থিত সকল সদস্যের মতামতের ভিত্তিতে কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

২. অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ১. ডি-নথির পেন্ডিংসহ অন্যান্য পেন্ডিং পত্র দ্রুত নিষ্পত্তির বিষয়ে আলোচনা। | | |
|---|---|---|
| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| ডি-নথির পেন্ডিংসহ অন্যান্য পেন্ডিং পত্রসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে অধিক গুরুত্বসহ আলোচনা করা হয়। এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য শাখা ভিত্তিক নথির তালিকা যথাসময়ে ওয়েবসাইটে আপলোডের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয়ে এপিএ ফোকাল পয়েন্ট সভায় উল্লেখ করেন, যে সকল নথি ডি-নথিতে নিষ্পত্তি করা হবে মর্মে ইতোমধ্যে সংশ্লিষ্ট শাখা হতে প্রত্যয়ন দেয়া হয়েছে সে সকল নথি অবশ্যই ডি-নথিতেই নিষ্পত্তি করতে হবে, হার্ড ফাইলে নিষ্পত্তি করা যাবে না, এ জন্য এখনো কোন সংশয় বা প্রতিবন্ধকতা থাকলে তা আগামী ০৩.০৯.২০২৪ তারিখের মধ্যে সংশোধনের প্রস্তাব এপিএ এর টীম লিডার বরাবরে জানানোর পরামর্শ দেয়া হয়। | i) এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য শাখা ভিত্তিক নথির তালিকা যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>iii) ডি-নথিতে পত্রসহ নিষ্পত্তিতে কোন সংশয় বা প্রতিবন্ধকতা থাকলে তা আগামী ০৩.০৯.২০২৪ তারিখের মধ্যে সংশোধনের প্রস্তাব এপিএ এর টীম লিডার বরাবরে জানাতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ), প্রোগ্রামার ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। |

**২. বিভাগীয় মোকদ্দমা**

ক. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে চলমান বিভাগীয় মামলার বিবরণ নিম্নরূপ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | ১২/২০২১ (৮.৬.২১) | জনাব মোঃ বাকি বিল্লাহ সহকারী প্রকৌশলী মুজিব কিল্লা নির্মাণ প্রকল্প | ১ম শ্রেণিতে যোগদান না করা। | একই বিষয়ে আদালতে মামলা থাকায় স্থগিত আছে। |
| ২ | ১৩/২০২১ (৮.৬.২১) | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সহকারী প্রকৌশলী মুজিব কিল্লা নির্মাণ প্রকল্প | ১ম শ্রেণিতে যোগদান না করা। | ঐ |
| ৩ | ১৪/২০২১ (৮.৬.২১) | জনাব দিলীপ কুমার সেন ওসি, ত্রাণ গুদাম | ১ম শ্রেণিতে যোগদান না করা। | ঐ |
| ৪ | ৩৫/২০২২ | জনাব মোহাম্মদ দেলোয়ার হোসেন, পিআইও, নিকলী, কিশোরগঞ্জ) | তদন্ত কর্মকর্ত নিয়োগ করা হয়েছে। | কার্যক্রম চলমান |
| ৫ | ২/২০২৪ | জনাব মোহাম্মদ আলী পিআইও, দুমকি, পটুয়াখালী | ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়েছে। | কার্যক্রম চলমান |
| ৬ | ০৩/২০২৪ | জনাব মোঃ রায়হানুল হক, অফিস সহকারী , পিআইও অফিস, চাটমোহর। | ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়েছে। | কার্যক্রম চলমান |
| ৭ | ০৪/২০২৪ | জনাব মোঃ নুরুন্নবী সরকার, পিআইও, শাল্লা, সুনামগঞ্জ (সাবেক পিআইও হাকিমপুর, দিনাজপুর) | অভিযোগনামা প্রেরণ করা হয়েছে। | কার্যক্রম চলমান |
| ৮ | ০৫/২০২৪ | জনাব লাইয়ুব হোসেন, অফিস সহকারী , পিআইও অফিস, গোপালপুর,টাংগাইল | বিনানুমতিতে ৬০ দিনের অধিক সময় কর্মস্থলে অনুপস্থিত। | কার্যক্রম চলমান |

খ. মামলাগুলো বিস্তারিতভাবে রেজিস্টারে মামলা নম্বর ও সালসহ হালনাগাদ আছে।

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| ক. বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে তদন্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ক. উপপরিচালক (প্রশাসন-১/২) ও সহকারী পরিচালক (প্রশাসন-১) |

মোঃ মাহাতাব উদ্দিন
সহকারী পরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

(তাসনুভা নাশতারান)
উপপরিচালক (প্রশাসন-১)

| | | |
|---|---|---|
| ৩. বিভিন্ন আদালতে চলমান মামলা | | |
| ক. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের (মন্ত্রণালয়সহ) চলমান মামলার হালনাগাদ তথ্য নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয়ে সহকারী পরিচালক (আইন) বলেন যে, আদালত অবমাননার ১২ টি মামলাসহ মোট ১৬৫ টি মামলা চলমান আছে। মামলার ধার্য্য তারিখে সংশ্লিষ্ট প্যানেল আইনজীবীগণ উপস্থিত থেকে শুনানীতে অংশ নিয়ে থাকেন। মামলার তালিকা হালনাগাদসহ অতি গুরুত্বপূর্ণ মামলাগুলো নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত আছে। তিনি আরো বলেন যে প্রতিটি মামলার হালনাগাদ তথ্য এবং অধিদপ্তরের করণীয় কি সে বিষয়ে অবহিতকরণের জন্য ইতোমধ্যে প্যানেল আইনজীবীদেরকে আলাদা আলাদা পত্র দেয়া হয়েছে। | ক. চলমান গুরুত্বপূর্ণ মামলার তালিকা হালনাগাদ করে এটি, এএটি, আপিল মামলা এবং রীট মামলাসমূহের তাৎক্ষণিক তথ্য জানার জন্য মন্ত্রিপরিষদের নির্দেশনামতে নির্ধারিত Software এ দ্রুত এন্ট্রি করতে হবে।<br><br>খ. প্যানেল আইনজীবীদের সাথে দ্রুত একটি সভা আয়োজনের ব্যবস্থা নিতে হবে এবং সভায় সংশ্লিষ্ট পিডিগণকে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানাতে হবে। | পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (আইন) |
| ৪. অডিট আপত্তি নিষ্পত্তি । | | |
| সহকারী পরিচালক (বাজেট ও অডিট) বলেন যে, AMMS-2.0 সফটওয়্যার ভিত্তিক অডিট আপত্তির সংখ্যা এসএফআই এবং নন এসএফআইসহ মোট ৩১২১টি এবং জড়িত টাকা ৭,৮৮,৮৬৫ কোটি ৩৪ লক্ষ ২৬ হাজার ৬৫৮ টাকা । প্রধান কার্যালয়ের মোট অনিষ্পন্ন অডিট আপত্তি ১১৮টি। যার মধ্যে ১০৩টি আপত্তির ব্রডশীট জবাব ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ১৫টির জবাব প্রেরণের জন্য সংশ্লিষ্ট শাখায় পত্র প্রেরণ করা হয়েছে। ১৫টির মধ্যে ০৬ টির ব্রডশীট জবাব ইতোমধ্যে সংশ্লিষ্ট শাখা হতে পাওয়া গেছে, যা মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। বাকি ০৯টির ব্রডশীট জবাব পাওয়ার পর মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। | ১. প্রধান কার্যালয় সংশ্লিষ্ট অবশিষ্ট ০৯টি অডিট আপত্তির জবাব আগামী ১৫ দিনের মধ্যে প্রেরণ করতে হবে।<br>৩. ফাপাড এবং ইজিপিপির অডিট আপত্তির ব্রডশীট জবাব পাওয়ার সাথে সাথেই মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে এবং জবাব প্রেরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ক) প্রকল্প পরিচালক (SMoDMRP)/ পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ)/ কাবিখা ও উপপরিচালক (বা:/হি:) এবং উপপরিচালক (প্রশাসন-১/২) |
| ৫. অকেজো গাড়ী/ ব্যবহার অযোগ্য আসবাবপত্র নিলামে বিক্রয় | | |
| ক. বিভিন্ন জেলায় অকেজো গাড়ী/স্পীডবোট এবং অপ্রয়োজনীয় আসবাবপত্র বিক্রির বিষয়ে আলোচনাঃ বিভিন্ন জেলায় অকেজো ১৬ গাড়ী আছে, বরগুনা এবং চাঁপাইনবাবগঞ্জ বাদে ১৩টি জেলা হতে গাড়ীর তথ্য পাওয়া গেছে। ০১টি মাইক্রোবাস এবং ১১টি জিপ গাড়ী এবং ০২টি মোটরসাইকেল অকেজো ঘোষণা করে নিলামে বিক্রির অনুমতি চেয়ে গত ০২.০৬.২০২৪ তারিখে ৯৮৩ নম্বর স্মারকে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br>খ গত ১৮ জুলাই ২০২৪ খ্রি. তারিখে অগ্নিকান্ডে ভস্মীভূত যানবাহনের বিষয়ে বিআরটিএ এর প্রতিবেদনমতে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে মেরামতযোগ্য গাড়ীগুলো দ্রুত মেরামতের পদক্ষেপ গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ক. জেলা হতে অকেজো গাড়ীর তথ্যসহ অকেজো স্পিডবোটের তথ্য সংগ্রহ করে দ্রুত নিলামে বিক্রির পদক্ষেপ নিতে হবে। অকেজো গাড়ী ও স্পীডবোটের তথ্য সেপ্টেম্বর ২০২৪ এর মধ্যে অধিদপ্তরে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাদের পুনরায় তাগিদ দিতে হবে।<br><br>খ) i) বিআরটিএ কর্তৃপক্ষের পরামর্শমতে অগ্নিকান্ডে ভস্মীভূত গাড়ীর প্রতিবেদন সংগ্রহ করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং এ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের অফিসে আনা নেয়ার জন্য প্রয়োজনীয় সংখ্যক যানবাহন সরবরাহের অনুরোধ জানিয়ে পরিবহন কমিশনার, সরকারী যানবাহন অধিদপ্তর বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে, এ বিষয়ে ব্যক্তিভাবে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। তাছাড়া মেরামতযোগ্য গাড়ীগুলো দুত মেরামতের পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>iii) ১৮ জুলাই ২০২৪ থেকে ০৫ আগষ্ট ২০২৪ পর্যন্ত মাঠ পর্যায়ে জেলা/উপজেলা কার্যালয়ের মামলামাল, আসবাপত্র এবং যানবাহনসহ ক্ষয়ক্ষতির সার্বিক তথ্য সংশ্লিষ্ট জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের নিকট হতে লিখিত আকারে নিতে হবে। | সহঃ প্রঃ (কাবিখা) / উপ-পরিঃ (ত্রাণ) |
| ৬. সামাজিক নিরাপত্তা কর্মসূচি | | |
| ক. **কাবিখা/ কাবিটা কর্মসূচি:** ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় ১ম+২য়+৩য় পর্যায়ে মোট ১১২০ কোটি ৮০ হাজার টাকা, ৯৬,৬৬৬.০০০ মে:টন চাল এবং ৯৬,৬৬৬.০০০ মে:টন গম বরাদ্দ দেয়া হয়েছে এবং বিশেষ খাতে ৩৯২ কোটি ৭৯ হাজার টাকা এবং ৩৩৩৪.০০ মেঃটন চাল এবং ৩৩২২.০০০ মেঃটন গম বরাদ্দ দেয়া হয়েছে, তাছাড়া গত ২০২২-২০২৩ অর্থ বছরের বকেয়া বিল বাবদ ১ কোটি ১২ লক্ষ ৬৮ হাজার ৪১৬ টাকা ৭০ পয়সা পরিশোধ করা হয়েছে। বাস্তবায়ন এবং সমাপ্ত প্রতিবেদন প্রাপ্যতার বিষয়ে **মর্মে উপপরিচালক (কাবিখা-১) সভাকে অবহিত করেন।**<br>**খ. টি,আর কর্মসূচি: ১.** ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ১ম+২য়+৩য় পর্যায়ে মোট ১৪০০ কোটি টাকা এবং বিশেষ খাতে ৬২ কোটি ৭১ লক্ষ ৭৪ হাজার টাকা বরাদ্দ দেয়া হয়েছে, তাছাড়া গত ২০২২-২০২৩ অর্থ বছরের বকেয়া বিল বাবদ রংপুর জেলার পীরগঞ্জ উপজেলায় ১ কোটি ৪ লক্ষ ৬৯ হাজার ৩৩৩ টাকা পরিশোধ | ক. ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় বরাদ্দকৃত খাদ্যশস্য দ্বারা বাস্তবায়িত প্রকল্পসমূহের সমাপ্ত প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে সংগ্রহ করতে হবে। যে সকল উপজেলা হতে পাওয়া যায়নি তাদের তাগিদ পত্র দিতে হবে।<br><br>খ. ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় বরাদ্দকৃত অর্থ দ্বারা সরকারের সর্বশেষ পরিপত্র মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়ন নিশ্চিতপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন সংগ্রহ করতে হবে। | উপপরিচালক (কাবিখা -১)<br><br>উপপরিচালক (কাবিখা -২) |

মোঃ মাহতাব উদ্দিন
সহকারী পরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

(তাসনূভা নাশতারান)
উপপরিচালক (প্রশাসন-১)

| | | |
|---|---|---|
| করা হয়েছে। বাস্তবায়ন এবং সমাপ্ত প্রতিবেদন প্রাপ্যতার বিষয়ে **মর্মে উপপরিচালক (কাবিখা-২) সভাকে অবহিত করেন।**<br>২. সারাদেশের বজ্রপাত প্রবণ ১৫টি জেলার ১৩৫টি উপজেলায় ১৯ কোটি ৫০ লক্ষ টাকা ব্যয়ে ৩৩৬টি বজ্রপাত নিরোধক দন্ড/যন্ত্র স্থাপনের কর্মসূচি নেয়া হয়। তন্মধ্যে ৩০৯টি স্থাপন করা হয়েছে এবং টিআর কর্মসূচির অধীন ১৯টি মোট ৩২৮টি লাইটিনিং এরেস্টার স্থাপন করা হয়। সংগৃহীত তথ্যমতে ৩০৬ টি সচল এবং ২২টি অচল। কিন্তু লাইটিনিং এরেস্টারগুলো সচল কিংবা অচল তা বোঝার কোন উপায় নাই। তারা সংশ্লিষ্ট পিআইওগণ অনুমান সাপেক্ষে রিপোর্ট দিয়েছেন **মর্মে উপপরিচালক (কাবিখা-২) সভাকে অবহিত করেন।**<br>**গ. ইজিপিপি:কর্মসূচি:** ১. ২০২৩-২০২৪ অর্থ বছরের ১৬০০ কোটি টাকার বাজেট বরাদ্দ পাওয়া গেছে। ইজিপিপি+এর ১ম পর্যায়, ২য় পর্যায় ও ৩য় পর্যায় বিল উপকারভোগীরা পেয়েছে।<br>২. গত ২০২২-২০২৩ অর্থ বছরের অতিরিক্ত স্থানান্তরিত অর্থের মধ্যে চারটি উপজেলার অর্থ অনাদায়ী আছে, আদায় কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে ০৬,২৩,৮২৪.৩২ টাকা অনাদায়ী আছে, এ টাকা চলতি অর্থ বছরের বরাদ্দ হতে সমন্বয় বা আদায় করা হবে মর্মে পরিচালক (কাবিখা) সভায় জানান। | ২. সংশ্লিষ্ট স্থাপনকারী কোম্পানির প্রতিনিধিসহ লাইটনিং এরেস্টার পরিদর্শন সচল/অচল চিহ্নিত করে তা মেরামত বা সচল করার ব্যবস্থা গ্রহণ করতে হবে বিষয়টি পরিচালক (কাবিখা) নিশ্চিত করবেন।<br>গ. ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম পর্যায়, ২য় পর্যায়ের বিভিন্ন উপজেলার ইজিপিপি'র মজুরি পরিশোধসহ বাস্তবায়িত প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন দ্রুত সংগ্রহ করতে হবে। তাছাড়া অপরিশোধিত বাউন্স এবং ব্লক বিল চিহ্নিত করে দ্রুত পরিশোধের ব্যবস্থা নিতে হবে।<br>২. গত ২০২২-২০২৩ অর্থ বছরের শ্রমিক মজুরি'র অতিরিক্ত স্থানান্তরিত অবশিষ্ট অর্থ আদায়ের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপপরিচালক (কাবিখা -৩) |
| ৭. ভিজিএফ ও ঝুঁকিহ্রাস কর্মসূচি | | |
| ক. ঝুঁকিহ্রাস কর্মসূচির আওতায় ঋণ ও অনুদান হিসেবে ৬২টি জেলায় ২০০৩-০৪ অর্থবছর থেকে ২০০৭-০৮ অর্থবছরে মোট ১৪৫ কোটি ৬৪ লক্ষ ১৭ হাজার টাকা বরাদ্দ দেয়া হয়। বিপরীতে সম্প্রতি রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলা হতে ২,৮৯,০০০/- টাকা এবং নরসিংদী হতে ১০,০০,০০০/- মোট ১২,৮৯,০০০/- টাকাসহ এ পর্যন্ত সর্বমোট ৩৭ কোটি ৮৬ লক্ষ ৫০ হাজার ৯৯৬ টাকা আদায় করা হয়েছে। এছাড়া সাময়িক বেকারত্ব মোচন তহবিলের আওতায় ঋণ ও অনুদান হিসেবে ৭টি জেলায় ২০০৩-০৪ অর্থবছর থেকে ২০০৭-০৮ অর্থবছরে মোট ৪ **কোটি** ৫০ লক্ষ টাকা বরাদ্দ দেয়া হয়। এ পর্যন্ত মোট আদায় ১ কোটি ২৮ লক্ষ **৬৬ হাজার ৫৩৭** টাকা। ঝুঁকিহ্রাস কর্মসূচি এবং সাময়িক বেকারত্ব মোচন তহবিলের অনাদায়ী অর্থ আদায়ের জন্য ০৭ (সাত) সদস্য বিশিষ্ট টাস্কফোর্স গঠন করা আছে মর্মে পরিচালক (ভিজিডি) সভায় উল্লেখ করেন। | ক.ঝুঁকিহ্রাস এবং বেকারত্ব মোচন তহবিলের অনাদায়ী টাকা আদায়ের জন্য টাস্কফোর্স এর মাধ্যমে জোর প্রচেষ্টা চালাতে হবে এবং প্রয়োজনে সার্টিফিকেট মামলা রুজু করে অর্থ আদায়ের পদক্ষেপ নিতে হবে। | পরিচালক (ভিজিডি)/ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত টাস্কফোর্স |
| ৮. মূল্যায়ন ও পরিবীক্ষণ | | |
| এ অধিদপ্তরের আওতাধীন ২০২৩-২০২৪ অর্থ বছরে বাস্তবায়িত কাবিখা / কাবিটা প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন সংগ্রহ, বার্ষিক প্রতিবেদন প্রস্তুত এবং কর্মোত্তর জরিপ/প্রাক জরিপ যাচাইসহ মনিটরিং করার বিষয়ে আলোচনা করা হয়। মাঠ পর্যায়ে প্রকল্প বাস্তবায়ন যাচাই/পরিদর্শনের পাশাপাশি সংশ্লিষ্ট অফিসের নথিপত্র ও রেজিস্টার যাচাই করতে হবে মর্মে সভাপতি সভায় পরামর্শ দেন। | ক.i) ২০২৩-২০২৪ অর্থ বছরে বাস্তবায়িত কাবিখা / কাবিটা প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন দ্রুত সংগ্রহ করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক প্রতিবেদন প্রস্তুত ও যথাযথ কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে। যে সকল উপজেলা হতে চূড়ান্ত প্রতিবেদন পাওয়া যায় নি তাদের তাগিদ পত্র দিতে হবে।<br>ii) ১ লা সেপ্টেম্বর ২০২৪ হতে বাস্তবায়িত প্রকল্পের কর্মোত্তর জরীপ শুরু করতে হবে।২০২৪-২০২৫ অর্থ বছরে গৃহীত প্রকল্পের প্রাক জরিপ/ মনিটরিং/ কর্মোত্তর জরীপ পরির্দশনের অনুলিপি অবশ্যই এপিএ ফোকাল পয়েন্টসহ পরিচালক (কাবিখা/ মূওপ) কে দিতে হবে। | পরিচালক (কাবিখা/ (মূওপ) /দায়িত্বপ্রাপ্ত সকল কর্মকর্তা/ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণ |
| ৯. ত্রাণ কার্যক্রম | | |
| ক. ২০২৪-২০২৫ অর্থ বছরের বরাদ্দকৃত অর্থ দ্বারা সরকারি পরিপত্র এবং পিপিআর-২০০৮ অনুযায়ী স্পেসিফিকেশন অনুযায়ী ঢেউটিন, কম্বল এবং শুকনা খাবার ক্রয় ও বিতরণের বিষয়ে আলোচনা করা হয়। সরকারি পরিপত্র এবং পিপিআর-২০০৮ অনুযায়ী ইতোমধ্যে শুকনা খাবার ক্রয় কার্যক্রম শুরু করা হয়েছে, ঢেউটিন ক্রয়ের কার্যক্রম চলমান আছে এবং কম্বল ক্রয়ের কার্যক্রম দ্রুত শুরু করা হবে। | ক. বাজেট বরাদ্দ অনুযায়ী পিপিআর-২০০৮ অনুযায়ী নির্ধারিত কর্মপরিকল্পনা মোতাবেক ২০২৪-২০২৫ অর্থ বছরে কম্বল, শুকনা খাবার ঢেউটিনসহ অন্যান্য মালামাল ক্রয়ের জন্য দ্রুত পদক্ষেপ নিতে হবে। গুণগতমান এবং স্পেসিফিকেশন যথাযথভাবে পরীক্ষা করে সংশ্লিষ্ট ঠিকাদারের নিকট হতে সরবরাহ নিতে হবে। | পরিচালক (ত্রাণ) |
| খ. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মোহাজের সম্পত্তি উদ্ধারের বিষয়ে আলোচনা করা হয়। যে সকল জেলায় মোহাজের সম্পত্তি আছে সে সকল জেলার জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাদের নিকট হতে হালনাগাদ তথ্য সংগ্রহ করে মোহাজের সম্পত্তি'র সার্বিক চিত্র অর্থাৎ জেলা/ উপজেলায় কত জমি অবৈধ দখলে এবং কত জমি সরকারের দখলে আছে, সে বিষয়ে আগামী ১৫ দিনের মধ্যে তথ্যাদি প্রস্তুতের বিষয়ে সভাপতি অতি গুরুত্ব সহকারে আলোচনা করেন, এ বিষয়টি মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় এজেন্ডাভুক্ত আছে মর্মেও সভাপতি সভায় উল্লেখ করেন। | খ. পুন:গঠিত টাস্ক-ফোর্সের কাজ জোরদার করতে হবে। মোহাজের সম্পত্তি উদ্ধারের বিষয়টি মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় এজেন্ডাভুক্ত আছে বিধায় মোহাজের সম্পত্তি উদ্ধার বিষয়ে আলাদা সভা করে মোহাজের সম্পত্তি'র সার্বিক চিত্র অর্থাৎ জেলা/ উপজেলায় কত জমি অবৈধ দখলে এবং কত জমি সরকারের দখলে আছে, সে বিষয়ে আগামী ১৫ দিনের মধ্যে তথ্যাদি প্রস্তুত করতে হবে এবং পাওয়ার পয়েন্টে উপস্থাপন করতে হবে। মোহাজের সম্পত্তি'র সার্বিক বিষয়ে মন্ত্রণালয়কে পত্র দিয়ে অবহিত করতে হবে। বিষয়টি উপপরিচালক (ত্রাণ১/২) ও পরিচালক (ত্রাণ) নিশ্চিত করবেন। | পরিচালক (ত্রাণ)/ উপপরিচালক (ত্রাণ-১/২) |

মোঃ মাহাতাব উদ্দি...
সহকারী পরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধি...

(তাসনুভা নাশতারান)
উপপরিচালক (প্রশাসন-১)

| | | |
|---|---|---|
| **১০. এমআইএম অনুবিভাগের কার্যক্রম** | | |
| ক. উপজেলাওয়ারী দুর্যোগের ধরণভিত্তিক (যেমন: অগ্নিকান্ড, বজ্রপাত, নৌকাডুবি/ পানিতে ডুবি) ক্ষয়ক্ষতির তথ্যাদি রেজিষ্টারে নিয়মিত সংরক্ষণ করা হয়। সম্প্রতি ভয়াবহ বন্যায় নিহত, আহত মানুষসহ সার্বিক ক্ষয়ক্ষতির প্রতিবেদন/ তথ্যাদি দ্রুত ডি-ফরমে সংগ্রহের বিষয়ে আলোচনা করা হয়।<br>খ. অধিদপ্তরের ওয়েবসাইট/ গ্যালারী নির্ভূলভাবে হালনাগাদ রাখার বিষয়ে আলোচনা করা হয়। | ক.i)উপজেলাওয়ারী দুর্যোগের ধরণভিত্তিক (যেমন: অগ্নিকান্ড, বজ্রপাত, নৌকাডুবি / পানিতে ডুবি) ক্ষয়ক্ষতির তথ্যাদিসহ ইউনিয়ন ভিত্তিক মৃত মানুষ ও গবাদি পশুর তথ্যাদি রেজিস্টারে সংরক্ষণ অব্যাহত রাখতে হবে।<br>ii) সম্প্রতি ভয়াবহ বন্যায় নিহত, আহত মানুষ ও গবাদি পশুসহ সার্বিক ক্ষয়ক্ষতির প্রতিবেদন/তথ্যাদি দ্রুত ডি-ফরমে সংগ্রহ করে আগামী ০৩ সেপ্টেম্বর এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>খ. ওয়েবসাইট সব সময় হালনাগাদ রাখতে হবে। সকল শাখার/প্রকল্পের হালনাগাদ তথ্য প্রোগ্রামারকে দিতে হবে। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও কর্মচারীসহ সকল কর্মকর্তা এবং কর্মচারীদের বদলির কপি / অনুলিপি তাৎক্ষণিকভাবে প্রোগ্রামারকে দিতে হবে। | পরিচালক (এমআইএম)/ ও উপপরিচালক (এমআইএম)<br>খ. সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা ও প্রোগ্রামার |
| **১১. পরিকল্পনা ও প্রশমন শাখার কার্যক্রম** | | |
| ক. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, বন্যা-আশ্রয়কেন্দ্র নির্মাণ (৩য় পর্যায়) প্রকল্প, মাটির রাস্তা এইচবিবিকরণ, প্রভাতী প্রকল্পসহ মোট ১০টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। তাছাড়া বিল্ডিং কমিউনিটি রেজিলিয়েন্স এন্ড সেল্ফ রিলায়ান্স প্রকল্প, ঘুর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্প, বজ্রপাত নিরোধক ব্যবস্থা গ্রহণ প্রকল্প,উপজেলা তথ্যকেন্দ্র ও ত্রাণ গুদাম প্রকল্প, সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলায় কমিউনিটি হল কাম সাইক্লোন সেন্টার নির্মাণ প্রকল্পসহ মোট ০৭ টি প্রকল্পের ডিপিপি প্রনয়ন করে প্রকল্প বাস্তবায়নের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা আছে। তাছাড়া ২০২৩-২৪ অর্থ বছরের এপিএ এর লক্ষ্যমাত্রা সন্তোষজনকভাবে সম্পন্ন করা হয়েছে, গত সভার সিদ্ধান্তমতে সেপ্টেম্বর-২০২৪ এর মধ্যে সকল প্রকল্পের পিআইসি সভা আহবান করা হবে বলেও তিনি সভায় উল্লেখ করেন। এ অধিদপ্তরের সক্ষমতা মোতাবেক নতুন নতুন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের বিষয়ে অতি গুরুত্বের সাথে আলোচনা করা হয়।<br>খ. প্রশমন অধিশাখাঃ SOD অনুযায়ী সকল কমিটির সভা সময়মত আহবানের বিষয়ে আলোচনা করা হয়। | ক. ১.এপিএ'র শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা ২০২৪-২০২৫ অর্জনের নিমিত্ত জুলাই হতে সেপ্টেম্বর ২০২৪ এর মধ্যে সকল প্রকল্পের ১ম পিআইসি (PIC) সভা আহবান করে সভার কার্যবিবরণী, হাজিরা শীট ও নোটিশ ১৫ সেপ্টেম্বর ২০২৪ এর মধ্যে পরিচালক (প্রশাসন) বরাবরে দিতে হবে।<br>২. শ্যামনগর উপজেলায় একটি আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্পসহ ডিপিপি প্রেরণ করা প্রস্তাবিত বিল্ডিং কমিউনিটি রেজিলিয়েন্স এন্ড সেল্ফ রিলায়ান্স প্রকল্প, ঘুর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্প, বজ্রপাত নিরোধক ব্যবস্থা গ্রহণ প্রকল্প, উপজেলা তথ্যকেন্দ্র ও ত্রাণ গুদাম প্রকল্পসহ মোট ০৭ টি প্রকল্প অনুমোদনের কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে ব্যক্তিগত পদক্ষেপ নিতে হবে।<br>খ. SOD অনুযায়ী সকল কমিটির সভা আহবানের পদক্ষেপ নিতে হবে। | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)<br>উপপরিচালক (প্রশমন) |
| **১২. এপিএ বিষয়ে আলোচনা** | | |
| ক) ২০২৪-২৫ অর্থ বছরের APA কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে আলোচনা মোতাবেক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধি-২০১৮, নথি বিনষ্টকরণ, শুদ্ধাচার, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি ও ইনোভেশনসহ গুরুত্বপূর্ণ বিষয়ে ১ম ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ প্রদান বিষয়ে আলোচনা। | ক) ১. ২০২৪-২৫ অর্থ বছরের APA কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা মোতাবেক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধি-২০১৮, নথি বিনষ্টকরণ, শুদ্ধাচার, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি ও ইনোভেশনসহ গুরুত্বপূর্ণ বিষয়ে ১ম ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী সেপ্টম্বর ২০২৪ এর মধ্যে প্রশিক্ষণ প্রদানের পদক্ষেপ নিতে হবে।<br>২. এপিএ'র লক্ষ্যমাত্রা যথাসময়ে যথাযথভাবে অর্জন নিশ্চিত করণের লক্ষ্যে টিআর/কাবিখা/ ইজিপিপি, দুর্যোগ সহনীয় বাসগৃহ/ বীরনিবাস নির্মাণসহ সকল উন্নয়নমূলক প্রকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ পরিদর্শন করবেন এবং প্রতিবেদন এর কপি সংশ্লিষ্ট পরিচালক এবং প্রকল্প পরিচালকসহ এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা বরাবরে দাখিল করবেন। | পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ)<br>সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| **১৩. (গবেষণা ও প্রশিক্ষণ অনুবিভাগের কার্যক্রম)** | | |
| (ক) গবেষণা অধিশাখাঃ বিভিন্ন দুর্যোগ ও দুর্যোগ ঝুঁকিহ্রাসে বিভিন্ন উপায় নির্ধারণে অধিকতর গবেষণা করা বিষয়ে আলোচনা।<br>(খ) প্রশিক্ষণ অধিশাখাঃ এপিএ কর্ম-পরিকল্পনা এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান আছে মর্মে উপপরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) সভাকে অবহিত করেন। | (ক) গবেষণা অধিশাখাঃ বিভিন্ন দুর্যোগ ও দুর্যোগ ঝুঁকিহ্রাসে বিভিন্ন উপায় নির্ধারণে অধিকতর গবেষণা করে সুনির্দিষ্ট উপায় বের করতে হবে।<br>(খ) ২০২৪-২৫ অর্থ বছরের APA কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা মোতাবেক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধি-২০১৮, নথি বিনষ্টকরণ, শুদ্ধাচার, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি ও ইনোভেশনসহ গুরুত্বপূর্ণ বিষয়ে ১ম ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী সেপ্টম্বর ২০২৪ এর মধ্যে প্রশিক্ষণ প্রদানের পদক্ষেপ নিতে হবে। | পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) |
| **১৪.অধিদপ্তরের জনবল নিয়োগ।** | | |
| দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের রাজস্ব খাতের শূন্যপদ পূরণ বিষয়ে আলোচনা করা হয়। বর্তমানে ৩য় শ্রেণির ১৫০টি এবং ৪র্থ শ্রেণির ২৩ টি মোট ১৭৩ টি পদে জনবল নিয়োগ কার্যক্রমের ধারাবাহিকতায় অপেক্ষমান তালিকা হতে শূন্যপদ পূরণের কার্যক্রম চলমান আছে। এ বিষয়ে ০৩.০৭.২০২৪ তারিখে নিয়োগ কমিটির সভা আহবান করা হয়েছে মর্মে পরিচালক (প্রশাসন) সভাকে অবহিত করেন। | সরকারি বিধিমতে নিয়োগ কমিটির সিদ্ধান্ত সাপেক্ষে অপেক্ষমান তালিকা হতে শূন্যপদ পূরণের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | পরিচালক (প্রশাসন) |

মোঃ মাহাতাব উদ্দিন
সহকারী

(তাসনূভা নাশতারান)
উপপরিচালক (প্রশাসন-১)

| ১৫. বিবিধ | | |
|---|---|---|
| ক) এ অধিদপ্তরের চলমান/সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজ ও অর্জনসমূহ এ অধিদপ্তরের ওয়েবসাইটে তাৎক্ষণিকভাবে আপলোডকরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ক) এ অধিদপ্তরের চলমান/ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজ, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা / উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার পদায়ন ও অর্জনসমূহ এ অধিদপ্তরের ওয়েবসাইটে তাৎক্ষণিকভাবে ছবিসহ আপলোড করে হালনাগাদ রাখতে হবে। | ক) প্রোগ্রামার ও সংশ্লিষ্ট শাখা প্রধান |
| খ) এ অধিদপ্তরে ব্যবহৃত বিদ্যুৎ ও জ্বালানি ব্যয় সাশ্রয়করণ এর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়া বিদ্যুৎ সংযোগ সবসময় নিরাপদ রাখা এবং বৈদ্যুতিক যন্ত্রাংশ পরীক্ষা-নিরীক্ষা করে নিরাপদ সংযোগের বিষয়ে আলোচনা করা হয়। | খ) সংশ্লিষ্ট রুমে অবস্থানকারী কর্মকর্তা/ কর্মচারীগণ স্ব-স্ব রুম/কক্ষ ত্যাগ করার সময় ফ্যান, লাইট, কম্পিউটার এবং এসি'র সুইচ তাঁদের স্ব-উদ্যোগে বন্ধ করবেন। বৈদ্যুতিক যন্ত্রাংশ দ্রুত পরীক্ষা-নিরীক্ষা করে নিরাপদ সংযোগের ব্যবস্থা করতে হবে। | খ) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারী |
| গ) গত ১৮ জুলাই ২০২৪ তারিখে ক্ষতিগ্রস্ত লিফট, ইন্টারনেট,বিদ্যুৎ এবং টেলিফোন সংযোগ দ্রুত স্থাপনের বিষয়ে আলোচনা। | গ) গত ১৮ জুলাই ২০২৪ তারিখে ক্ষতিগ্রস্ত লিফট, ইন্টারনেট, বিদ্যুৎ এবং টেলিফোন সংযোগ স্থাপনের জন্য দ্রুত পদক্ষেপ নিতে হবে। | গ) পরিচালক (প্রশাসন) ও সহকারী প্রকৌশলী (কাবিখা) |
| ঘ) দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে সম্প্রতি আকস্মিক বন্যায় ক্ষতিগ্রস্ত বন্যার্তদের সাহাযার্থে এ অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের ০১(এক)দিনের বেতন প্রদান বিষয়ে আলোচনা। | ঘ) মানবিক বিবেচনায় দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে সম্প্রতি আকস্মিক বন্যায় ক্ষতিগ্রস্ত বন্যার্তদের সাহাযার্থে এ অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের ০১(এক)দিনের বেতন দ্রুত সংগ্রহ করে যথাযথ ব্যাংক হিসাবে জমা দিতে হবে। | ঘ) পরিচালক (সকল)/ডিডি বাজেট/ ডিআরআরও (সকল) |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(রেজওয়ানুর রহমান)
মহাপরিচালক
ফোন: ০২-৫৮৮১৫৪৯৫

স্মারক নং- ৫১.০১.০০০০.০০৩.০৬.০৪৩.২৪. 580

তারিখ: ২৫.০৯.২০২৪ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। পরিচালক/ প্রকল্প পরিচালক (সকল), ..............................., দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
২। জেলাপ্রশাসক ...............................(সকল)।
৩। উপপরিচালক/ উপপ্রকল্প পরিচালক (সকল)........................,দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা,................................................(সকল)।
৬। নির্বাহী প্রকৌশলী (কাবিখা/মূওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৭। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (কার্যবিবরণী অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। সহকারী পরিচালক/ সহকারী প্রকৌশলী/পিআইও (সকল).....,.........., দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৯। প্রধান ভারপ্রাপ্ত কর্মকর্তা, জরুরি ত্রাণকেন্দ্র, তেজগাঁও, ঢাকা
১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তেজগাঁও সার্কেল, ঢাকা।
১১। কম্পিউটার অপারেটর/ হিসাবরক্ষক/উচ্চমান সহকারী....................(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১২। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। অফিস কপি।

(তাসমূভা নাশতারান)
(উপসচিব)
**উপপরিচালক (প্রশাসন-১)**
ফোন-০২-২২২২৬১৩৬০